রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, আগস্ট ১২, ২০২৬**

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপন]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উপজেলা-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ ১৪৩৩/১৮ মে ২০২৬

**নং ৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৮.০১৬৭.২৬-১৭১**—গত ০৭ মে ২০২৬/২৪ বৈশাখ ১৪৩৩ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২০তম সভায় বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার ইউনিয়নসমূহের মধ্য হতে মোকামতলা উপজেলা গঠন এবং শিবগঞ্জ উপজেলা পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। এ পরিপ্রেক্ষিতে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [১৯৯৮ সনের ২৪ নং আইন(২০১১ পর্যন্ত সংশোধিত)] এর ৩(২) ধারার ক্ষমতাবলে সরকার বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার ০৮ (আট) টি ইউনিয়ন, যথা: (১) স্বর্ণগ্রাম ইউনিয়ন-০১, (২) ময়দানহাট্টা ইউনিয়ন-০২, (৩) শিবগঞ্জ ইউনিয়ন-০৩, (৪) রহবল ইউনিয়ন-০৪, (৫) দেউলী ইউনিয়ন-০৫, (৬) সৈয়দপুর ইউনিয়ন-০৬, (৭) জগন্নাথপুর ইউনিয়ন-০৭ এবং (৮) মোকামতলা ইউনিয়ন-০৮ এর সমন্বয়ে এতদসঙ্গে সংযুক্ত তফসিলে বর্ণিত মৌজার নাম ও নম্বর এবং জে. এল নম্বরসমূহের সমন্বয়ে 'মোকামতলা' উপজেলা ঘোষণা করা হইল। নবসৃষ্ট 'মোকামতলা' উপজেলার সদর দপ্তর 'মোকামতলা' ইউনিয়নের **লক্ষরপুর মৌজায়** জে. এল ১৬৮ স্থাপিত হইবে।

৩। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**হেলেনা পারভীন**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০